

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালক উৎপাদন-এর কার্যালয়
প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেট, বাংলাদেশ, ঢাকা-১২১৫।
www.dls.gov.bd

স্মারক নং- ৩৩.০১.০০০০.৩০০.১৬.০০৮(৩).১৯ -১৬৪৩(৩)

তারিখঃ ০২/১২/২০২১ খ্রিঃ
১৬/০৫/১৪২৮ বঃ

পরিচালক, উৎপাদনের দপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সংযোজনী-৩ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়নের লক্ষ্যে দুর্নীতি ও সুশাসন সংক্রান্ত মতবিনিময় ০১/১২/২০২১ খ্রিঃ তারিখ রোজ বুধবার সকাল ১১.০০ ঘটিকায় পরিচালক, উৎপাদন, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা-এর অফিস কক্ষে অনুষ্ঠিত সভার কার্য বিবরণী :

সভাপতি : পরিচালক, উৎপাদন, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
সভার স্থান : পরিচালক, উৎপাদনের অফিস কক্ষ।
সভার তারিখ ও সময় : ০১/১২/২০২১ খ্রিঃ তারিখ, সকাল ১১.০০ ঘটিকায়।

পরিচালক, উৎপাদনের দপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সংযোজনী-৩ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়নের লক্ষ্যে দুর্নীতি ও সুশাসন সংক্রান্ত মতবিনিময় সভা ০১/১২/২০২১ খ্রিঃ তারিখ রোজ বুধবার সকাল ১১.০০ ঘটিকায় পরিচালক, উৎপাদন, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা-এর অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক'-তে দেখানো হল।

আলোচনা :

সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রমের সূত্রপাত করেন। সভায় উপস্থিত কর্মকর্তা-কর্মচারীগণ সকলে তাদের পরিচয় পেশ করেন। পরিচালক, উৎপাদনের দপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সংযোজনী-৩ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়নের লক্ষ্যে কর্মকর্তা-কর্মচারীদের দুর্নীতি ও সুশাসন সংক্রান্ত বিষয় নিয়ে আলোচনা করেন। তিনি বলেন অত্র দপ্তরের সবাইকে দুর্নীতির উর্ধ্বে থেকে কাজ করতে হবে। কোন সেবাহীতার কাছ থেকে কিছু পাওয়ার বিনিময়ে কাজ করার মনোভাব পরিহার করতে হবে। সবার প্রতি সমান ব্যবহার করতে হবে। সভায় আলোচনা সমাপনান্তে নিম্নে বর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

সিদ্ধান্ত :

সর্ববিষয়ে দুর্নীতির উর্ধ্বে থেকে কর্মকর্তা-কর্মচারীবৃন্দের উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালনের বিষয়ে অঙ্গিকার ব্যক্ত করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।

(ডাঃ মোহাম্মদ রেয়াজুল হক)
পরিচালক, উৎপাদন
প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
directorproduction2017@gmail.com

মহাপরিচালক,
প্রাণিসম্পদ অধিদপ্তর,
বাংলাদেশ, ঢাকা।

দৃষ্টি আকর্ষণ : পরিচালক, পরিকল্পনা, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।

কার্যার্থে অনুলিপি :

✓ ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা। প্রাণিসম্পদ অধিদপ্তরের ওয়েবসাইটে বিষয়টি আপলোড করার জন্য অনুরোধ করা হলো।